ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮০৪

জিরানীয়া, ১০ সেপ্টেম্বর, ২০২৫

**গুণগত মান বজায় রেখে চম্পকনগর থেকে রাণীরবাজার পর্যন্ত জাতীয় সড়ক নির্মাণের কাজ সম্পন্ন করতে পরিবহণমন্ত্রীর নির্দেশ**

চম্পকনগর থেকে রাণীরবাজার পর্যন্ত জাতীয় সড়ক নির্মাণের কাজ গুণগত মান বজায় রেখে দ্রুত শেষ করতে হবে। জাতীয় সড়ক নির্মাণে সরকারের যেসব নির্দেশিকা রয়েছে, তা যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। আজ জিরানীয়া মহকুমা কার্যালয়ের কনফারেন্স হলে বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি নিয়ে অনুষ্ঠিত এক পর্যালোচনা সভায় একথা বলেন পরিবহণমন্ত্রী সুশান্ত চৌধুরী। সভায় শারদোৎসবকে কেন্দ্র করে সড়ক সংস্কারের কাজ দ্রুত সম্পন্ন করা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা, পানীয়জলের সমস্যা সমাধানে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা এবং আইন শৃঙ্খলা অক্ষুন্ন রাখার বিষয়ে বিশেষ গুরুত্ব দিতে তিনি সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন। রেগা ও টুয়েপ প্রকল্পের সঙ্গে যুক্ত জনগণের পারিশ্রমিক যেন পূজার আগেই দেওয়া হয় এ বিষয়ে বিডিও ও সংশ্লিষ্ট আধিকারিকদের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে তিনি আহ্বান জানান। সভায় জলসম্পদ, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা, কৃষি ও কৃষক কল্যাণ, অগ্নি নির্বাপণ, বন, গ্রামোন্নয়ন এবং খাদ্য দপ্তর সহ বিভিন্ন দপ্তরের চলমান কাজ ও তার অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান প্রীতম দেবনাথ, জিরানীয়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন রতন কুমার দাস, ভাইস চেয়ারপার্সন রীতা দাস, রাণীরবাজার পুরপরিষদের চেয়ারপার্সন অপর্ণা শুক্ল দাস, জিরানীয়া বি.এ.সি.-র চেয়ারম্যান শুভমণি দেববর্মা, বেলবাড়ি বি.এ.সি.-র চেয়ারম্যান রোকেন দেববর্মা, মহকুমা শাসক অনিমেষ ধর, মহকুমা পুলিশ আধিকারিক সুধীর কুমার, অতিরিক্ত মহকুমা শাসক পামেলা সাহা, জিরানীয়া ব্লকের বিডিও তুষার আলম, সমাজসেবী গৌরাঙ্গ ভৌমিক, অভিজিৎ দেববর্মা, রাজেশ ভৌমিক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

*****